অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/24/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চলমান COVID-19 মহামারির মধ্যে গভর্নর কুওমো ঘোষণা করেন জে নিউ ইয়র্কের পেশাদার ক্রীড়া লীগ প্রশিক্ষণ শিবির শুরু করতে পারবে

ব্লু-রিবন কমিশনের সদস্যদের ঘোষণা, নতুন, উদ্ভাবনী প্রযুক্তি ব্যবহার করে টেলিহেলথ ও ব্রডব্যান্ড অ্যাক্সেস উন্নত করার উপর নজর রেখে

মধ্য-হাডসন অঞ্চল এখনও পর্যন্ত মে 26,মঙ্গলবার পুনরায় খোলার ফেজ-এ - ওয়ানে প্রবেশ করার পথে আছে; লং আইল্যান্ড এখনও বুধবার, মে 27 পুনরায় খোলার পথে আছে

মেট্রোপিলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটি লং আইল্যান্ড রেইল রোড গ্রাহকদের রক্ষা করার জন্য পদক্ষেপ গ্রহণ করবে যখন লং আইল্যান্ড পুনরায় খোলার ফেজ ওয়ানের দিকে অগ্রসর হচ্ছে

লং আইল্যান্ডের 10,000 এরও বেশি পরিবার নারিশ NYপণ্য পেয়েছে

ক্যাম্পগ্রাউন্ড ও RV পার্কগুলিকে আগামীকাল রাজ্যব্যাপী খুলতে দেওয়া হবে

পশু চিকিৎসা অনুশীলন সব অঞ্চলে খুলতে দেওয়া হবে মঙ্গলবার, মে 26 থেকে শুরু করে

নিউ ইয়র্ক স্টেটে আরও 1,589 জনের করোনাভাইরাস নিশ্চিত করা হয়েছে - যা স্টেটব্যাপী 44টি কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 361,515-এ নিয়ে এসেছে

চলমান COVID-19 মহামারির মধ্যে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক প্রফেশনাল স্পোর্টস লীগ উপযুক্ত স্বাস্থ্য প্রোটোকল অনুসরণ করার সাথে রাজ্যে প্রশিক্ষণ শিবির শুরু করতে পারবে।

গভর্নর কুওমো রাজ্যের ব্লু-রিবন কমিশনের (Blue-Ribbon Commission) সদস্যদের নাম ঘোষণা করেন, নতুন, উদ্ভাবনী প্রযুক্তি ব্যবহার করে টেলিহেলথ এবং ব্রডব্যান্ড অ্যাক্সেস উন্নত করার উপর মনোযোগ রেখে। ব্লু-রিবন কমিশনের সভাপতিত্বে থাকছেন গুগলের সাবেক সিইও ও এক্সিকিউটিভ চেয়ারম্যান ও স্মিট ফিউচার্স-এর প্রতিষ্ঠাতা এরিক স্মিট। কমিশনের সদস্যদের মধ্যে থাকবেন:

- রিচার্ড পার্সনস – চেয়ার, রকফেলার ফাউন্ডেশন (Rockefeller Foundation)
- ড্যারেন ওয়াকার – প্রেসিডেন্ট, ফোর্ড ফাউন্ডেশন (Ford Foundation)
- ডেনিস রিভেরা – SEIU হেলথকেয়ারের (SEIU healthcare) সাবেক সভাপতি
- প্লিনিও আয়ালা – প্রেসিডেন্ট/সিইও, পার স্কোলাস (Per Scholas)
- চার্লস ফিলিপস – চেয়ার/প্রাক্তন সিইও, ইনফর (Infor)
- সিড মুখার্জি – চিকিৎসক/লেখক, কলাম্বিয়ার সহকারী অধ্যাপক
- জেন রোজেনথাল – সহ-প্রতিষ্ঠাতা/সিইও/এক্সিকিউটিভ চেয়ার, ট্রিবেকা ফিল্ম ফেস্টিভ্যাল (Tribeca Film Festival)
- ডঃ তোইন আজায়ি – মুখ্য স্বাস্থ্য কর্মকর্তা, সিটিব্লক হেলথের (Cityblock Health) সহ-প্রতিষ্ঠাতা
- এলিজাবেথ আলেকজান্ডার – প্রেসিডেন্ট, অ্যান্ড্রু ডব্লিউ মেলন ফাউন্ডেশন (Andrew W. Mellon Foundation)
- মার্থা পল্যাক – সভাপতি, কর্নেল বিশ্ববিদ্যালয় (Cornell University)
- স্টিভেন কুনিন – পরিচালক, NYU সেন্টার ফর আরবান সায়েন্স অ্যান্ড প্রোগ্রেস (NYU Center for Urban Science and Progress)
- সতীশ কে ত্রিপাঠী – সভাপতি, SUNY বাফেলো (SUNY Buffalo)
- হামদি উলুকায়া – প্রতিষ্ঠাতা/চেয়ারম্যান/সিইও, চোবানি (Chobani)
- মরিস ম্যাকিনিস – অভিমুখী প্রেসিডেন্ট, SUNY স্টোনি রুক (SUNY Stony Brook)
- গিন্নি রোমেট্টি – এক্সিকিউটিভ চেয়ার, IBM

মঙ্গলবার, মে 26 এর মধ্যে মধ্যও-হাডসন অঞ্চল পুনরায় চালু করার ফেজ ওয়ানের জন্য সঠিক পথে রয়েছে বলে গভর্নর ঘোষণা করেছেন, এবং লং আইল্যান্ড মে 27, বুধবার, পুনরায় খোলার পথেই রয়েছে যদি মৃত্যুর সংখ্যা কমতে থাকে। উভয় অঞ্চলের কন্ট্যাক্ট ট্রেসিং কার্যকলাপ ওই তারিখগুলির মধ্যে চালু হবে বলে আশা করা হচ্ছে।

গভর্নর আরও ঘোষণা করেন যে লং আইল্যান্ড রেল রোড গ্রাহকদের রক্ষা করার জন্য MTA পদক্ষেপ নেবে যখন লং আইল্যান্ড পুনরায় খোলার ফেজ ওয়ানের উদ্দেশ্যে অগ্রসর হচ্ছে। MTA প্রতিদিন ট্রেন ও বাস পরিষ্কার এবং জীবাণু মুক্ত করছে, এবং সামাজিক দূরত্ব নিয়ে সাহায্য করতে LIRR ট্রেনে আরও গাড়ি যোগ করার জন্য প্রস্তুত। গণ পরিবহণ সিস্টেমে চড়ার সময় মাস্ক বা মুখের আবরণ পরা বাধ্যতামূলক বলে নিউ ইয়র্কবাসীদের মনে করিয়ে দেন গভর্নর।

গভর্নর আরো ঘোষণা করেন জে লং আইল্যান্ডে 10,000 এর বেশি পরিবার নারিশ নিউ ইয়র্কের পণ্য প্রাপ্ত হয়েছেন। উপরন্তু, এই সপ্তাহে লং আইল্যান্ডে ছয়টি নতুন নারিশ নিউ ইয়র্ক বিতরণ নির্ধারিত করা আছে। গত 27 এপ্রিল তারিখে গভর্নর প্রথম এই উদ্যোগের ঘোষণা দেন, তারপর থেকে নিউ ইয়র্কের এই উদ্যোগ আপস্টেট ফার্মস থেকে খাদ্য ও পণ্য ক্রয় করে ত্রাণ প্রদান করে এবং নিউ ইয়র্কের খাদ্য ব্যাংকের নেটওয়ার্কের মাধ্যমে যে মানুষগুলোর জন্য সবচেয়ে বেশি প্রয়োজনীয় তার মাধ্যমে সহায়তা জনগোষ্ঠীর কাছে পৌঁছানোর জন্য নির্দেশ দেয়। কোনো পৃষ্ঠপোষক

যদি স্টেটের খাদ্য ব্যাংকগুলিকে সহযোগিতা করতে চান,
তাহলে COVIDPhilanthropies@exec.ny.gov এ যোগাযোগ করুন।

গভর্নর আরও ঘোষণা করেন যে আগামীকাল মে 25, ক্যাম্পগ্রাউন্ড ও RV পার্কগুলিকে রাজ্যব্যাপী খুলতে দেওয়া হবে। মঙ্গলবার, মে 26 থেকে শুরু করে সব অঞ্চলে পশু চিকিৎসার অনুশীলনগুলিও খুলতে দেওয়া হবে।

"আমরা যখন পুনরায় খোলা নিয়ে অগ্রসর হচ্ছি, আমাদের ভবিষ্যতের দিকে একটি চোখ রাখতে হবে এবং আরও ভালো করে গড়ে তোলার কথা বলা শুরু করতে হবে, শুধু আমাদের আগে যা ছিল তত অবধিই তৈরি করা নয়," **গভর্নর কুওমো বলেন।** "এখন নতুন নিয়ম হয়েছে, এবং আমরা যার মধ্যে দিয়ে গেছি তা থেকে শিক্ষা নিতে হবে যাতে এর পরের অবশ্যম্ভাবী জনস্বাস্থ্য সংক্রান্ত জরুরী অবস্থা ঘটলে আমরা প্রস্তুত থাকতে পারি। নিউইয়র্ক স্টেট ইতিহাসের বহু কঠিন সময়ে নেতৃত্ব দিয়েছে – মানুষ নিউ ইয়র্কের দিকে তাকিয়ে থাকে পথনির্দেশ ও উদাহরণের জন্য এবং এখন আমরা একটি সম্পূর্ণ আধুনিক দিনের সরকারি ও সামাজিক প্রতিক্রিয়ার জন্য ইতিহাস লিখছি।"

পরিশেষে, গভর্নর আরও 1,589 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 361,515-তে নিয়ে এসেছে। মোট 361,515 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	1,782	12
Allegany	44	0
Broome	501	16
Cattaraugus	78	0
Cayuga	77	1
Chautauqua	75	3
Chemung	136	0
Chenango	118	0
Clinton	95	0
Columbia	365	6
Cortland	39	1
Delaware	77	3
Dutchess	3,807	14
Erie	5,626	74
Essex	36	0
Franklin	20	0
Fulton	194	1

Genesee	191	0
Greene	220	3
Hamilton	5	0
Herkimer	101	1
Jefferson	72	0
Lewis	19	0
Livingston	114	0
Madison	301	0
Monroe	2,697	36
Montgomery	79	2
Nassau	39,837	111
Niagara	941	14
NYC	198,123	857
Oneida	878	14
Onondaga	1,953	49
Ontario	184	2
Orange	10,225	28
Orleans	202	6
Oswego	100	1
Otsego	69	1
Putnam	1,208	8
Rensselaer	463	0
Rockland	12,963	29
Saratoga	456	4
Schenectady	658	10
Schoharie	49	0
Schuyler	11	0
Seneca	55	1
St. Lawrence	197	1
Steuben	240	0
Suffolk	38,964	162
Sullivan	1,310	13
Tioga	122	1
Tompkins	151	2
Ulster	1,617	11
Warren	250	1
Washington	226	1
Wayne	108	1

Westchester	32,968	87
Wyoming	81	1
Yates	37	0

# # #

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন